ইত্তেফাক

তারিখ ৮/১/৮২

পৃষ্ঠা ... কলাম ...

078

## উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের সমস্যা

উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের প্রবেশপত্রে বর্ণিত নির্দেশনামা অনুযায়ী ৭নং অনুচ্ছেদ লক্ষ্য করিলে আমরা দেখিতে পাই যে, প্রত্যেক ছাত্র-ছাত্রীদিগকে তাহাদের পরীক্ষার জন্য প্রয়োজনীয় কলম, কালি এবং যন্ত্রপাতি আনিবার নির্দেশ প্রদান করা হইয়াছে। আমাদের দেশে বর্তমানে যে সকল ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করিয়া থাকে তাহারা প্রায় সকলেই "ক্যালকুলেটর"-এর সাহায্যে নৈর্বাচনিক বিষয়সমূহের উত্তর দিয়া থাকে। কিন্তু আশ্চর্যের বিষয়, যে সকল ছাত্র গত বৎসর নটরডেম কলেজ হইতে ইণ্টারমিডিয়েট টেকনিকেল কলেজ কেন্দ্রে পরীক্ষা দিয়াছিল তাহাদের সকলের ক্যালকুলেটর পরীক্ষা চলাকালীন সময়ে 'সীজ' করিয়া উহা ব্যবহারের কোন সুযোগ প্রদান করা হয় নাই। ইহাতে পরীক্ষার্থীরা দারুণ ক্ষতির সম্মুখীন হইয়াছে। এই বিজ্ঞানের যুগে সাধারণ ক্যালকুলেটর ব্যবহারে যদি বাধা প্রদান করা হইয়া থাকে, তাহা অপেক্ষা আশ্চর্যের কিছু হইতে পারে বলিয়া আমাদের মনে হয় না। আমাদের ইহা জানিবার বিশেষ প্রয়োজন যে, বোর্ড কর্তৃপক্ষ কোন ইন্সটিটিউশনকে ছাত্রদিগকে ক্যালকুলেটর ব্যবহার করিতে না দেওয়ার জন্য কোন নির্দেশ প্রদান করিয়াছেন কিনা। আমরা এই বিষয়ে ঢাকা বোর্ড কর্তৃপক্ষের কৃপাদৃষ্টি আকর্ষণ করিতেছি।

—লুতফুল হক, নটরডেম কলেজ, মতিঝিল, ঢাকা।